আজকের কাগজ

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

149

# প্রাথমিক স্কুলগুলোর হাল অবস্থা গোয়াল ঘরের মতো–অর্থমন্ত্রী

**সুনামগঞ্জ থেকে দীপক চৌধুরী :** অর্থমন্ত্রী এম. সাইফুর রহমান বলেছেন, অতীতে পাঠশালা শিক্ষাকে গুরুত্ব না দেয়ার কারণে শিক্ষাক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। বৃহত্তর সিলেটে ৫ হাজার প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রয়েছে স্বীকার করে মন্ত্রী বলেন, আমার নিজের এলাকায়ও স্কুল ও শিক্ষকদের অভাব আছে। বর্তমান সরকার প্রাথমিক শিক্ষা কর্মসূচিতে দেশের আরো ৩ শত স্কুলকে সরকারিকরণ করবে। গতকাল সুনামগঞ্জ সফরকালে জেলা বিডি হলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি উপলক্ষে আয়োজিত এক সভায় অর্থমন্ত্রী প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মন্ত্রী বলেন, জেলার প্রতিটি থানায় ১টি করে সরকারি প্রাইমারী স্কুল প্রতিষ্ঠা করা হবে। চলতি অর্থ বছরের মধ্যে এই কার্যক্রম সম্পন্ন করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন, দেশের প্রাথমিক স্কুলগুলোর অধিকাংশের হাল অবস্থা গোয়াল ঘরের মতো।

মন্ত্রী কৃষি ব্যাংকের মাধ্যমে কৃষি ঋণ বিতরণ বিরোধিতা করে বলেন, কৃষি ঋণের নামে ব্যাপক দুর্নীতি ও ব্যাপক অনিয়ম হয়ে থাকে। তিনি ভিজিডির ওপর জোর না দিয়ে নিজেদের পায়ে দাঁড়ানোর জন্যে কৃষকদেরকে পরামর্শ দেন।